## SEC-B-2

### (ব্যবহারিক বাংলা-২)

**পূর্ণমান - ৮০**

১। (ক) নিম্নোক্ত গল্পসূত্র অবলম্বনে ৩০০ শব্দের মধ্যে একটি সম্পূর্ণ গল্প রচনা করো। ১০

একজন শিক্ষিত ট্যাক্সিচালক। নিয়ম মেনে ট্যাক্সি চালায়। বাড়িতে অভাব। বৃদ্ধা বাবা-মা-ভাই-বোন। অতিরিক উপার্জন চাই। রাতেও গাড়ি চালায়। এক যাত্রীর ফেলে যাওয়া ব্যাগ সেই রাতেই বহুদূরে তার বাড়িতে গিয়ে ফেরত দেয়। অনেক টাকা দিতে চাওয়া হয়— নেয় না। একটা চাকরি দিতে চাওয়া হয়— নেয় না। বলে— যদি কোনোদিন সেই কোম্পানির চাকরির বিজ্ঞাপন বেরোয়, তাহলে ইন্টারভিউ দিয়ে যোগ্যতা প্রমাণ করে চাকরি নেবে।

*অথবা,*

(খ) প্রবন্ধ রচনা করো। (৩০০ শব্দের মধ্যে) ১০

প্রকৃতিপ্রেমিক বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়।

২। (ক) পশ্চিমবঙ্গ বাংলা আকাদেমির বানানবিধি অনুসারে 'লিপি-বিষয়ে সিদ্ধান্ত'গুলি লেখো। ১০

*অথবা,*

(খ) বাংলা বানানের সমতা বিধানে কলিকাতা বিশ্ববিদ্যালয়ের ভূমিকা আলোচনা করো। ১০

৩। (ক) আন্তর্জাতিক ধ্বনিমূলক বর্ণমালায় (আইপিএ) লিপ্যন্তর করো। ১০

কি সর্বনাশ! এখন উপায় কি হবে? রাজা জানতে পারলে তো রক্ষা থাকবে না! এমনি করে তাঁরা দুঃখ করছেন, এমন সময় একটা ব্যাঙ সেইখান দিয়ে থপ-থপ করে যাচ্ছে। সাত রানী তাকে দেখতে পেয়ে খপ করে ধরে ফেললেন, আর বললেন, 'চুপ চুপ!' কেউ যেন জানতে না পারে।

*অথবা,*

(খ) নীচের কবিতাটি রোমীয় লিপিতে লেখো। ১০

জিলিপি সে তেড়ে এসে, কামড় দিতে চায়;
কচুরি আর রসগোল্লা ছেলে ধরে খায়!
পায়ে ছাতি দিয়ে লোকে হাতে হেঁটে চলে!
ডাঙ্গায় ভাসে নৌকা-জাহাজ, গাড়ি ছোটে জলে!
মজার দেশের মজার কথা বলবো কত আর;
চোখ খুললে যায় না দেখা, মুদলে পরিষ্কার!

*অথবা,*

(গ) কেবলমাত্র দৃষ্টিহীন শিক্ষার্থীদের জন্য

আন্তর্জাতিক ধ্বনিমূলক বর্ণমালায় (আইপিএ-তে) লেখার সুবিধা কী? আলোচনা করো। ১০

৪। *যে-কোনো ছটি* প্রশ্নের উত্তর দাও। ৫×৬

(ক) রোমীয়তে বর্ণান্তরকরণের সুবিধাগুলি আলোচনা করো।

(খ) আইপিএ-তে লিপ্যন্তরের মূল সূত্রগুলি লেখো।

(গ) পশ্চিমবঙ্গ বাংলা আকাদেমির বানানবিধি অনুসারে তৎসম শব্দের বানান-বিধি আলোচনা করো।

(ঘ) একটি গল্পের শিরোনাম দেওয়ার সময় কোন কোন বিষয়ের উপর নজর রাখতে হয়? আলোচনা করো।

(ঙ) প্রবন্ধ কাকে বলে? সংক্ষেপে উদাহরণসহ আলোচনা করো।

(চ) বানান সংস্কারের প্রয়োজন কেন হয়? আলোচনা করো।

(ছ) বাংলা বানানে 'ন' ও 'ণ'-এর ব্যবহারবিধি সম্পর্কে লেখো।

(জ) তদ্ভব শব্দের বানানবিধি উদাহরণসহ লেখো।

৫। সংক্ষেপে পূর্ণবাক্যে উত্তর দাও। ১×২০

(ক) 'উপন্যাস' না 'ছোটোগল্প' আধুনিক বাংলায় আগে কোনটি রচনা হয়েছিল?

(খ) বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়ের একটি প্রবন্ধের নাম লেখো।

(গ) রবীন্দ্রনাথ ঠাকুরের একটি গল্পের নাম লেখো।

(ঘ) 'ধ্বনি' কাকে বলে, এক বা দুটি বাক্যে বলো।

(ঙ) সামাজিক গল্পের বিষয় কী হয়? একটি বা দুটি বাক্যে লেখো।

(চ) তোমার চা খাওয়া হয়েছে—? ['কি' বা 'কী' দিয়ে শূন্যস্থান পূরণ করো।]

(ছ) IPA-তে 'স' এর জন্য কোন চিহ্ন ব্যবহার করা হয়?

(জ) IPA-তে 'অ্যা' উচ্চারণের জন্য কোন চিহ্ন ব্যবহার করা হয়?

(ঝ) রোমীয় বর্ণান্তরে 'আ' কীভাবে লেখা হয়?

(ঞ) 'পার্লামেন্ট'— আইপিএতে লিপ্যন্তর করো।

(ট) 'অন্নদাশঙ্কর রায়'— রোমীয়তে বর্ণান্তর করো।

(ঠ) কোন যুক্তবর্ণের রূপটি আকাদেমি দ্বারা প্রস্তাবিত— 'ঙ্গ' না 'ঙ্গ'?

(উপরের ছ, জ, ঝ, ঞ, ট এবং ঠ-এর পরিবর্তে নীচের *ছ, *জ, *ঝ, *ঞ, *ট এবং *ঠ প্রশ্নগুলি শুধু দৃষ্টিহীন শিক্ষার্থীদের জন্য)

*(ছ) ঠিক বানান কোনটি?— ভূখণ্ড/ভুখণ্ড

*(জ) ঠিক বানান কোনটি?— বুদ্ধিজীবী/বুদ্ধিজীবি

*(ঝ) ঠিক বানান কোনটি?— লেহ্য/লেহ্য

*(ঞ) ঠিক বানান কোনটি?— স্বামিত্ব/স্বামীত্ব

*(ট) ঠিক বানান কোনটি?— পদলেহী/পদলেহি

*(ঠ) ঠিক বানান কোনটি?— বাহাদুরি/বাহাদুরী

(ড) 'উচ্চারণ-অনুগ' বনানরীতি যাঁরা তৈরি করেন তাঁদের একজনের নাম লেখো।

(ঢ) একটি বাংলা বানান অভিধানের নাম লেখো।

(ণ) 'চলন্তিকা'র সংকলক কে?

(ত) ঠিক বানান কোনটি?— পৌস্টিক/পৌষ্টিক

(থ) ঠিক বানান কোনটি?— ভুবন/ভূবন

(দ) ঠিক বানান কোনটি?— মুষ্টিবদ্ধ/মুষ্ঠিবদ্ধ

(ধ) কলিকাতা বিশ্বদ্যিালয়ের 'বাংলা বানানের নিয়ম' প্রকাশিত হয় কত খ্রিস্টাব্দে?

(ন) ঠাণ্ডায় শরীর 'জুড়ল'/'জুড়োল'।— বাক্যে ঠিক বানানের শব্দটি লেখো।

---